

তারিখ : 04/07/2017

**অমানাথ কো-অপারেটিভ ব্যাংক লিমিটেড, বেঙ্গালুরু - ব্যাংকিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (এ এ সি এস)-  
এর ধারা 35A-এর অধীনে জারি করা একত্রীভূত বিশেষ নিয়ন্ত্রণবিধির কার্যকরীতার মেয়াদবৃদ্ধি**

সাধারণ জনগণের অবগতির জন্য এই মর্মে বিজ্ঞাপিত হচ্ছে যে ভারতীয় রিজার্ভ ব্যাংক সন্তোষ প্রকাশ করছে যে অমানাথ কো-অপারেটিভ ব্যাংক লিমিটেড, বেঙ্গালুরু-এর প্রতি এপ্রিল 1, 2013 তারিখে জারি করা **বিশেষ নিয়ন্ত্রণবিধি** তৎসহ পঠিত পরবর্তী **বিশেষ নিয়ন্ত্রণবিধি** যার সর্বশেষটি ডিসেম্বর 29, 2016 তারিখে জারি করা হয়েছিল, জনস্বার্থে, তার বৈধতার মেয়াদ আরও ছয়মাস সময়কালের জন্য বৃদ্ধি করা প্রয়োজনা।

সেই অনুসারে, ভারতীয় রিজার্ভ ব্যাংক, ব্যাংকিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (এ এ সি এস)-এর ধারা 35A –এর উপধারা (1) –এর অধীনে তার উপর ন্যস্ত ক্ষমতাবলে এই মর্মে নির্দেশ দিচ্ছে যে অমানাথ কো-অপারেটিভ ব্যাংক লিমিটেড, বেঙ্গালুরু –এর প্রতি জারি করা এপ্রিল 1, 2013 তারিখাঙ্কিত **বিশেষ নিয়ন্ত্রণবিধি**, যেমন পরিমার্জিত হয়েছে সময় সময়ে, যার বৈধতার মেয়াদ সর্বশেষ প্রলম্বিত করা হয়েছিল জুলাই 04, 2017 তারিখ পর্যন্ত সেগুলির বৈধতা, পর্যালোচনার সাপেক্ষে, আরও ছয়মাস কাল, অর্থাৎ জুলাই 05, 2017 তারিখ থেকে জানুয়ারী 04, 2018 পর্যন্ত বজায় থাকবে।

উল্লিখিত বিশেষ নিয়ন্ত্রণবিধির অন্যান্য বিধি ও শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

আর বি আই-এর এই বিশেষ নিয়ন্ত্রণবিধি জারিকরণকে, আর বি আই দ্বারা ব্যাংকিং অনুজ্ঞাপত্র বাতিল হয়েছে, স্বতই এই অর্থ নিরূপণ সমীচীন নয়। ব্যাংকটি বিধিনিষেধ মেনে নিয়ে তাদের ব্যাংকিং কাজকর্ম পরিচালনা করবে যতদিন না ব্যাংকটির আর্থিক অবস্থার উন্নতি হচ্ছে। রিজার্ভ ব্যাংক উদ্ভূত পরিস্থিতির উপর নির্ভর করে উক্ত নির্দেশিকার পরিমার্জন করার কথা বিবেচনা করতে পারে।

প্রেস প্রকাশনি : 2017-2018/27

অজিত প্রসাদ  
সহায়ক উপদেষ্টা